

শিক্ষকদের বাড়ি ভাড়া বৃদ্ধি, শিক্ষা মন্ত্রণালয় দিল নতুন তথ্য

অনলাইন ডেক্স



শিক্ষা মন্ত্রণালয়

বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীদের

জন্য নতুনভাবে নির্ধারিত বাড়ি ভাড়া-ভাতার ফলে দেশের প্রায়

৮৯ শতাংশ শিক্ষক-কর্মচারী উপকৃত হবেন বলে জানিয়েছে শিক্ষা

মন্ত্রণালয়। রবিবার (১৯ অক্টোবর) শিক্ষা মন্ত্রণালয়ের ফেসবুক

পেজে এ তথ্য জানানো হয়।

মন্ত্রণালয়ের ফেসবুক পেজে প্রকাশিত তথ্য অনুযায়ী, মূল বেতনের

৫ শতাংশ হারে এবং ন্যূনতম মাসিক ২ হাজার টাকা হিসেবে বাড়ি

ভাড়া ভাতা নির্ধারণের এই সিদ্ধান্ত কার্যকর হলে অধিকাংশ

শিক্ষক-কর্মচারীর বাড়ি ভাড়া বাড়বে গড়ে ৮.৭ শতাংশের বেশি।

৮৯ শতাংশ শিক্ষক-কর্মচারীর বাড়ি ভাড়া বাড়বে ৮.৭ শতাংশের

বেশি, ৫৬ শতাংশ শিক্ষক-কর্মচারীর বাড়ি ভাড়া বাড়বে ১২

শতাংশের বেশি এবং ৭৫ শতাংশ শিক্ষক-কর্মচারীর বাড়ি ভাড়া

বাড়বে ৯ শতাংশের বেশি।

শিক্ষক-কর্মচারীদের আন্দোলনের মুখ্য বাড়িভাড়া ভাতা মূল
বেতনের ৫ শতাংশ হারে এবং সর্বনিম্ন ২০০০ টাকা বৃদ্ধি করেছে
সরকার। রবিবার (১৯ অক্টোবর) সকালে অর্থ মন্ত্রণালয়ের অর্থ
বিভাগের প্রবিধি অনুবিভাগের উপসচিব মরিয়ম মিতুর সই করা
প্রজ্ঞাপনে এ তথ্য জানানো হয়।

এ আদেশ নতেম্বর মাস থেকে কার্যকর হবে। যদিও সরকারের এই
প্রজ্ঞাপন প্রত্যাখ্যান করেছেন শিক্ষকরা।

তারা আন্দোলন চালিয়ে যাওয়ার ঘোষণা দিয়েছেন।

৫ শতাংশ হারে কার বাড়ি ভাড়া ভাতা কত

শিক্ষকরা আগে ১০০০ টাকা করে মাসিক বাড়ি ভাড়া ভাতা
পেতেন। গত ৩০ সেপ্টেম্বর এক আদেশে বাড়ি ভাড়া ৫০০ টাকা
বাড়িয়ে ১৫০০ টাকা করা হয়। এখন নতুন করে ৫ শতাংশ হারে
বাড়িভাড়া ভাতা দেওয়া হলে অধ্যক্ষ ও উপাধ্যক্ষ ছাড়া কেউই
বেশি ভাতা পাবেন না।

অধ্যক্ষ- (গ্রেড ৮) বেতন ৫০,০০০ টাকা। বাড়িভাড়া (৫%)
২,৫০০ টাকা। উপাধ্যক্ষ- (গ্রেড ৫) বেতন ৪৩,০০০ টাকা।
বাড়িভাড়া (৫%) ২,১৫০ টাকা।

সহকারী অধ্যাপক- (গ্রেড ৬) বেতন ৩৫,৫০০ টাকা।

বাড়িভাড়া (৫%) ১,৭৭৫ টাকা (সর্বনিম্ন ২,০০০ টাকা নির্ধারিত)।

সহকারী অধ্যাপক- (গ্রেড ৮) বেতন ২৩,০০০ টাকা। বাড়িভাড়া (৫%) ১,১৫০ টাকা (সর্বনিম্ন ২,০০০ টাকা)। প্রভাষক - (গ্রেড ৯)

বেতন : ২২,০০০ টাকা। বাড়িভাড়া (৫%): ১,১০০ টাকা (সর্বনিম্ন ২,০০০ টাকা)।

প্রধান শিক্ষক - (গ্রেড ৭), বেতন : ২৯,০০০ টাকা। বাড়িভাড়া

(৫%) : ১,৪৫০ টাকা (সর্বনিম্ন ২,০০০ টাকা)। সহকারী প্রধান

শিক্ষক - (গ্রেড ৮) বেতন : ২৩,০০০ টাকা। বাড়িভাড়া (৫%) :

১,১৫০ টাকা (সর্বনিম্ন ২,০০০ টাকা)। সিনিয়র শিক্ষক - (গ্রেড ৯)

বেতন : ২২,০০০ টাকা। বাড়িভাড়া (৫%) : ১,১০০ টাকা

(সর্বনিম্ন ২,০০০ টাকা)।

সহকারী শিক্ষক - (গ্রেড ১০) বেতন: ১৬,০০০ টাকা। বাড়িভাড়া

(৫%): ৮০০ টাকা (সর্বনিম্ন ২,০০০ টাকা)। সহকারী শিক্ষক -

(গ্রেড ১১) বেতন: ১২,৫০০ টাকা। বাড়িভাড়া (৫%) : ৬২৫ টাকা

(সর্বনিম্ন ২,০০০ টাকা)।

এমপিওভুক্ত কর্মচারীদের কার কত হবে

অফিস সহকারী-কাম-কম্পিউটার অপারেটর - (গ্রেড ১৬) বেতন :

৯,৩০০ টাকা। বাড়িভাড়া (৫%) : ৪৬৫ টাকা (সর্বনিম্ন ২,০০০

টাকা)। ল্যাব অ্যাসিস্ট্যান্ট - (গ্রেড: ১৬) বেতন : ৯,৩০০ টাকা।

বাড়িভাড়া (৫%) : ৪৬৫ টাকা (সর্বনিম্ন ২,০০০ টাকা)। ঝাড়ুদার

- (গ্রেড : ২০) বেতন : ৮,২৫০ টাকা। বাড়িভাড়া (৫%) :

৪১২.৫০ টাকা (সর্বনিম্ন ২,০০০ টাকা)। অফিস সহায়ক- (গ্রেড

২০), বেতন : ৮,২৫০ টাকা। বাড়িভাড়া (৫%): ৪১২.৫০ টাকা

(সর্বনিম্ন ২,০০০ টাকা)। পিয়ন - (গ্রেড ২০) বেতন : ৮,২৫০

টাকা। বাড়িভাড়া (৫%) : ৪১২.৫০ টাকা (সর্বনিম্ন ২,০০০ টাকা)।

আয়া - (গ্রেড ২০) বেতন : ৮,২৫০ টাকা। বাড়িভাড়া (৫%) :

৪১২.৫০ টাকা (সর্বনিম্ন ২,০০০ টাকা)।